

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২৩, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
(টিও-১ অধিশাখা)  
প্রজ্ঞাপন

তারিখ: ০৩ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/১৮ অক্টোবর ২০১৬ খ্রিঃ

নং বাম/টিও-১/সি-১(৭)/২০০৭/২৮১—টার্কি বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (Turkey-Bangladesh Chamber of Commerce and Industry) নামীয় সংগঠনটি বাণিজ্য মন্ত্রণালয়ের টিও লাইসেন্স প্রাপ্ত একটি বাণিজ্য সংগঠন; যার লাইসেন্স নং ১১/২০০৭, তারিখ: ১৯-০৭-২০০৭;

যেহেতু, ঢাকাস্থ টার্কি দূতাবাসের ২৭ ডিসেম্বর, ২০০৬ তারিখের অনাপত্তির পরিপ্রেক্ষিতে উক্ত সংগঠনের লাইসেন্স প্রদান করা হলেও বর্তমানে উক্ত দূতাবাসের ২১ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখের পত্রে বাণিজ্য মন্ত্রণালয়কে জানানো হয়েছে যে, টার্কি-বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (Turkey-Bangladesh Chamber of Commerce and Industry) সাথে তুরস্কের সাথে কোন সম্পর্ক নেই এই সংগঠনটির সাথে Fethullah Gulen Terrorist Organization (FETO) এর সম্পর্ক রয়েছে যারা গত ১৫ জুলাই, ২০১৬ তারিখে তুরস্কের সাংবিধানিক সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয়েছিল এবং উক্ত বাণিজ্য সংগঠনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে;

যেহেতু, বাংলাদেশ তুরস্ক দ্বিপাক্ষিক সম্পর্কের সাথে ঢাকাস্থ টার্কি দূতাবাসের অনুরোধ রক্ষা করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

(১৭১৭১)

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, টার্কি-বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (Turkey-Bangladesh Chamber of Commerce and Industry (TBCCI) এর অনুকূলে বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ৩(২) ধারা মোতাবেক টিও লাইসেন্স প্রদানের পর ২০১৩ সালের পর হতে সংগঠনটির সাংগঠনিক কার্যক্রমের তথ্য বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় নাই যা বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ২৪(২)(খ) বিধির পরিপন্থি;

যেহেতু, সংগঠনটি বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর বিধান প্রতিপালন এবং সংগঠনটির সংঘস্মারক ও সংঘবিধির আদর্শ ও উদ্দেশ্য পূরণে ব্যর্থ হয়েছে;

সেহেতু, বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ৪ ধারা এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ১১ বিধি অনুযায়ী টার্কি-বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (Turkey-Bangladesh Chamber of Commerce and Industry (TBCCI) এর অনুকূলে ১৯-০৭-২০০৭ তারিখে প্রদত্ত টিও লাইসেন্স নং ১১/২০০৭ এতদ্বারা বাতিল করা হলো।

মোঃ আবদুল মান্নান

পরিচালক, বাণিজ্য সংগঠন ও  
যুগ্ম-সচিব।